

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এর জীবন বৃত্তান্ত

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম, এম.পি. সিরাজগঞ্জ জেলার কাজীপুর উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ১৯৪৮ সালের ২ এপ্রিল জন্মগ্রহণ করেন। তাঁর পিতা শহীদ ক্যাপ্টেন এম মনসুর আলী ছিলেন বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের অন্যতম মহান সংগঠক এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহচর। স্বাধীনতা পরবর্তী সময়ে বঙ্গবন্ধুর মন্ত্রিসভায় তিনি প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেন। তাঁর মাতার নাম আমেনা মসুর।

বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য মোহাম্মদ নাসিম ১৯৮৬, ১৯৯৬ এবং ২০০১ সালেও সংসদ সদস্য হিসাবে নির্বাচিত হয়েছিলেন। ২০১৪ সালে তিনি সংসদীয় আসন সিরাজগঞ্জ-১ থেকে নির্বাচিত সংসদ সদস্য। তিনি ২০১৪ সালের ১২ জানুয়ারী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করেন।

মোহাম্মদ নাসিম জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রী অর্জন করেন।

দীর্ঘ বর্ণাঢ্য রাজনৈতিক জীবনে তিনি ১৯৯৬ সালের সরকারে স্বরাষ্ট্র, গৃহায়ন ও গণপূর্ত এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে সাফল্যে সাথে মন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছিলেন।

বর্তমানে তিনি মহাজোটের অধীন ১৪ দলের মুখপাত্র হিসাবে দায়িত্ব পালন করছেন।

মোহাম্মদ নাসিম বিভিন্ন সমাজ কল্যাণ কাজের সাথেও প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে জড়িত রয়েছেন। তিনি ঢাকাসহ সিরাজগঞ্জের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনে অগ্রণী ভূমিকা রেখেছেন। তিন সন্তানের জনক স্বাস্থ্য মন্ত্রীর স্ত্রীর নাম লায়লা আরজুমান্দ।